



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

সতর্কীকরণ বিজ্ঞপ্তি


বিষয় : বিধি বহির্ভূতভাবে কতিপয় শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন উপায়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে কিংবা ম্যানুয়াল ভর্তি প্রচার - প্রচারণার বিজ্ঞপ্তি বন্ধকরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি -

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেবল আন্তর্জাতিকশিক্ষাবোর্ডের নিজস্ব অন-লাইনে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম সম্পন্ন করে থাকে। এ প্রেক্ষিতে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের বিশেষ ভাবে দৃষ্টি আকষণ করছি -

০১. যে সকল শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অনলাইনে, ব্যানারে, পোস্টারে কিংবা যে কোন মাধ্যমে ভর্তির বিজ্ঞপ্তি প্রচার করেছে - তা ভর্তিনীতিমালা ২০২০-২০২১ এর পরিপন্থী। অবিলম্বে এ ধরনের ভর্তির বিজ্ঞপ্তি ও প্রচার প্রচারণা বন্ধের নির্দেশ দেয়া হলো।

০২. এ ছাড়া সংশ্লিষ্ট শিক্ষার্থী, অভিভাবক ও অন্যান্য সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আন্তর্জাতিকশিক্ষাবোর্ডের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (নির্দেশনা) ব্যতীত বিধি বহির্ভূত যে সকল শিক্ষার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হবে, তাদের রেজিস্ট্রেশন এবং পরবর্তিতে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

অতএব সংশ্লিষ্ট সকলকে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকার নির্দেশ দেয়া হলো।


২২/০৬/২০২০

প্রফেসর মোহাম্মদ ইউনুস

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।